Microcredit Regulatory Authority

**মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি**
**গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)**
**৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক**
**বড় মগবাজার, রমনা**
**ঢাকা-১২১৭।**

মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার

এমআরএ/সার্কুলার লেটার নং-৬৪

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৮
২৪ আগস্ট ২০২১

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
**সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)**

**বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বিষয়ক লোগো ব্যবহার।**

**প্রিয় মহোদয়,**

১৯৭১ সালে ২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর নয় মাস সশস্ত্র মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে পাকিস্তানের কাছ থেকে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের ৫০ বছর পূর্তিতে বাংলাদেশ সরকার ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালনের ঘোষণা দিয়েছেন। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত সুবর্ণজয়ন্তী লোগো মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। এক্ষণে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযথ ব্যবহারের নিমিত্ত “লোগোর মূল ডিজাইন” এবং “লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা” প্রকাশ করা হয়েছে।

২। নির্দেশিকার ১ নং অনুচ্ছেদ অনুযায়ী স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্ধারিত রং, বর্ণবিন্যাস এবং আকৃতি ব্যতীত অন্য কোনো প্রকারে এ লোগো ব্যবহার করা যাবে না এবং ২ নং অনুচ্ছেদে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সরকারি মালিকানাধীন কোম্পানি, সরকারী ও বেসরকারী আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মিডিয়া ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সকল ই-মেইল, সরকারি পত্র, স্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগোটি ব্যবহার করা যাবে মর্মে উল্লেখ রয়েছে।

৩। বর্ণিত অবস্থায়, অথরিটির সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে দাপ্তরিক পত্র যোগাযোগসহ প্রযোজ্য সকল ক্ষেত্রে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণ করে বর্ণিত লোগো ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত নির্দেশিকাটি এমআরএ'র ওয়েবসাইটে (www.mra.gov.bd) আপলোড করা হয়েছে।

**৪। বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।**

**আপনাদের বিশ্বস্ত,**

**(মোহাম্মদ ইয়াকুব হোসেন)**
**পরিচালক**
**ফোনঃ ৪৮৩১৫৭১৫**
**ই-মেইলঃ** director.lic-regu@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২১- ১৪২৬ (৭৪৬) (১০)

তারিখঃ ০৯ ভাদ্র ১৪২৮
২৪ আগস্ট ২০২১

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

(১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
(২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
(৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
(৫) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
(৬) বিভাগীয় কমিশনার (সকল)।
(৭) জেলা প্রশাসক (সকল)।
(৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
(৯) গভর্নরের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**(মোহাম্মদ ইয়াকুব হোসেন)**
**পরিচালক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
প্রশাসন-১ শাখা
www.molwa.gov.bd

জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
নম্বর
তারিখ : 01 APR 2021

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২১.৩৭ তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

বিষয়: **স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা এবং মুল ডিজাইন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত সুবর্ণজয়ন্তী লোগো মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো যথাযথ ব্যবহারের নিমিত্ত "লোগোর মুল ডিজাইন" এবং "লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা" সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৯-৩-২০২১
দেবাশীষ নাগ
উপসচিব
ফোন: ৮৮০২৯৫৭৮৬৪৮
ইমেইল: dsadmin1@molwa.gov.bd

বিতরণ :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
৪) মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, সদর দপ্তর, ঢাকা।
৫) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
৬) সচিব/ভারপ্রাপ্ত সচিব, (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৭) বিভাগীয় কমিশনার (সকল)।
৮) জেলা প্রশাসক (সকল)
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২১.৩৭/১(৪) তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৩) সিস্টেম এনালিস্ট , আইটি সেল শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে একটি সেবাবক্স তৈরিপূর্বক লোগো নির্দেশিকা আপলোডের অনুরোধসহ)।

৪) অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২৯-৩-২০২১
দেবাশীষ নাগ
উপসচিব

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh
50

# লোগো মুদ্রণে রঙের নির্দেশনা
# Logo Colour Palette

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী → C 10 M 40 Y 90 K10
RGB - 207 138 23
HEX - #CF8A17

Bangladesh → C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

C 30 M 50 Y 100 K 10
RGB - 161 115 0
HEX - #A17300

C 5 M 10 Y 65 K 8
RGB - 223 211 82
HEX - #DFD352

C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C 0 M 0 Y 0 K 0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C 0 M 0 Y 0 K 100
RGB - 0 0 0
HEX - #000000

# লোগো মুদ্রণে একক রঙের নির্দেশনা
# Logo Colour Palette (Single)

C0 M0 Y0 K100
RGB - 0 0 0
HEX - #000000

C0 M0 Y0 K100
RGB - 0 0 0
HEX - #000000

C0 M0 Y0 K35
RGB - 166 166 166
HEX - #A6A6A6

C0 M0 Y0 K0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C0 M0 Y0 K0
RGB - 255 255 255
HEX - #FFFFFF

C0 M0 Y0 K100
RGB - 0 0 0
HEX - #000000

## লোগো মুদ্রণে সাদা-কালো রঙের নির্দেশনা
## Logo Colour Palette (Black)

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

## লোগো মুদ্রণে রিভার্স রঙের নির্দেশনা
## Logo Colour Palette (Reverse)

বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

# লোগোর চারপাশে যতখানি জায়গা ফাঁকা রাখতে হবে
## Logo Clear Space

লোগোর চতুর্দিকে মূল লোগোতে ব্যবহৃত ইংরেজি বাংলাদেশ লেখার প্রথম অক্ষর 'বি'-এর উচ্চতার সমপরিমাণ বা তার অধিক জায়গা সর্বদা ফাঁকা রাখতে হবে।

Always leave space equal to or more than the height of the first letter 'B' of the English Bangladesh text used in the main logo around the logo.



# গাঢ় ব্যাকগ্রাউন্ডে লোগো যেভাবে বসবে
# Logo in Dark Background

গাঢ় ব্যাকগ্রাউন্ডে লোগোটি ব্যবহার করতে হলে তা সবসময় নির্ধারিত সাদা বক্সের ভিতর রাখতে হবে।

Always keep the logo inside the white box when it will be used on a dark background.

# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার নির্দেশিকা

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে দেশে বিদেশে উদযাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক লোগো অনুমোদিত হওয়ায় যথোপযুক্তভাবে ব্যবহারের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়কের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ নির্দেশিকা জারি করা হলো;

১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্ধারিত রঙ, বর্ণবিন্যাস এবং আকৃতি ব্যতীত অন্য কোনো প্রকারে এই লোগো ব্যবহার করা যাবে না।

২. সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সরকারি মালিকানাধীন কোম্পানি, সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মিডিয়া ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সব ই-মেইল, সরকারি পত্র, স্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে সুবর্ণজয়ন্তীর লোগোটি ব্যবহার করা যাবে।

৩. মুজিববর্ষের লোগো যথাস্থানে রেখে সুবর্ণজয়ন্তীর লোগো বামদিকে ব্যবহার করা যাবে।

৪. সরকারি মালিকানাধীন সব বাস, ট্রেন, দাপ্তরিক গাড়ী, নৌযান, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে চলমান বাংলাদেশ বিমান, সামরিক এয়ারক্রাফট এবং ক্রুজে উপযুক্ত স্থানে বিভিন্ন অনুষ্ঠানের পোস্টার, ব্যানার, ফেস্টুন ও সাজসজ্জায়, সুবর্ণজয়ন্তী লোগোর নির্দেশিকা অনুসরণ করে নির্ধারিত এবং আনুপাতিক হারে নান্দনিকভাবে লোগোটি ব্যবহার করা যাবে।

৫. জাতীয় দিবসের বিভিন্ন উপলক্ষে সরকারি-বেসরকারি প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শুভেচ্ছা কার্ড এবং আমন্ত্রণপত্রে উক্ত লোগো ব্যবহার করা যাবে।

৬. জাতীয় পাঠ্যপুস্তক এবং সব সরকারি তথ্য বাতায়নে এই লোগো ব্যবহার করা যাবে।

৭. সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডার, নোটপ্যাড, স্টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি প্রচার সামগ্রীতে এই লোগো ব্যবহার করা যাবে।

৮. কোনো ব্যক্তিগত বা বেসরকারি ব্যবসায়িক বা বাণিজ্যিক প্রোডাক্ট, সেবার উদ্দেশ্যে এই লোগো ব্যবহার করা যাবে না।

৯. সিগারেট, অ্যালকোহল, আগ্নেয়াস্ত্র কিংবা অনুরূপ দ্রব্যাদিতে এই লোগো ব্যবহার করা যাবে না।

১০. বিভিন্ন ক্রীড়া, সাহিত্য, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংস্থার অনুষ্ঠান আয়োজনে, প্রকাশনার ক্ষেত্রে লোগো ব্যবহার করা যাবে।

১১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে জাতীয় পর্যায়ে সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে নির্বাচিত লোগোটি ২০২১ সালের ১৬ ডিসেম্বর পর্যন্ত ব্যবহার করা যাবে।

স্বাক্ষরিত-২৫/০৩/২০২১
**সচিব**
**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**